

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৪০

আগরতলা, ২৯ জুলাই, ২০২৪

মানসিক স্বাস্থ্য পরিষেবা
কমিউনিটি হেলথ অফিসারদের নিয়ে প্রশিক্ষণ শিবিরের সূচনা



প্রজ্ঞাভবনে আজ কমিউনিটি হেলথ অফিসারদের নিয়ে মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রদানের উপর প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। জাতীয় স্বাস্থ্য মিশন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে এই প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে। শিবিরে ব্যাঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ এন্ড নিউরো সায়েন্সের ৯ জন বিশেষজ্ঞ চিকিৎসক মানসিক স্বাস্থ্যের উপর প্রশিক্ষণ দিচ্ছেন। প্রশিক্ষণ কর্মসূচি চলবে আগামী ২ আগস্ট পর্যন্ত। রাজ্যের ২০০ জন কমিউনিটি হেলথ অফিসার এই প্রশিক্ষণ শিবিরে অংশ নিয়েছেন। কাউন্সিলিং এর মাধ্যমে প্রাথমিক পর্যায়ে মানসিক অসুস্থতা সনাক্তকরণ এবং রেফারেল প্রক্রিয়া তৃণমূলস্তর থেকে কিভাবে করা যেতে পারে তা নিয়ে কমিউনিটি হেলথ অফিসারদের দক্ষতা বৃদ্ধি করতেই এই প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে।

প্রশিক্ষণ শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা রাজীব দত্ত, পরিবার পরিকল্পনা ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ডা. অঞ্জন দাস, ব্যাঙ্গালুরুর ন্যাশনাল ইনস্টিটিউট অব মেন্টাল হেলথ এন্ড নিউরো সায়েন্স-মেন্টাল হেলথ প্রোগ্রামের অ্যাসিস্টেন্ট প্রফেসর ডা. রবীন্দ্রনাথ হেগড়ে, জাতীয় মানসিক স্বাস্থ্য কর্মসূচির ত্রিপুরা শাখার স্টেট প্রোগ্রাম অফিসার ডা. উদয়ন মজুমদার, নরসিংগড়স্থিত মানসিক স্বাস্থ্যকেন্দ্রের হেড অব দ্য ডিপার্টমেন্ট ডা. স্বপন চন্দ্র বর্মন সহ অন্যান্য আধিকারিকগণ। রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির সদস্য সচিব এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
